# প্রচণ্ডচণ্ডিকা

বা

# ছিন্নমস্তাতন্ত্রম্

(মূল, টীকা ও বঙ্গানুবাদ সমেত)

স্বামী চণ্ডিকানন্দ তীর্থ-ভারতী-সরস্বতী

নবভারত 

পাবলিশার্স

৭২ডি, মহাত্মা গান্ধী রোড, কোলকাতা-৭০০ ০০৯

# প্রচণ্ডচণ্ডিকা

বা

# ছিন্নমস্তাতন্ত্রম্

(মূল, টীকা ও বঙ্গানুবাদ সমেত)

স্বামী চণ্ডিকানন্দ তীর্থ-ভারতী-সরস্বতী

নবভারত 

পাবলিশার্স

৭২ডি, মহাত্মা গান্ধী রোড, কোলকাতা-৭০০ ০০৯

বিষ্ণুর্ব্বরিষ্ঠো দেবানাং হ্রদানামুদধির্যথা।
নদীনাঞ্চ যথা গঙ্গা পর্ব্বতানাং হিমালয়ঃ ॥
অশ্বত্থঃ সর্ব্ববৃক্ষাণাং রাজ্ঞামিন্দ্রো যথা বরঃ।
দেবীনাঞ্চ যথা দুর্গা বর্ণানাং ব্রাহ্মণো যথা।
তথা সমস্তশাস্ত্রাণাং তন্ত্রশাস্ত্রমনুত্তমম্ ॥

—মৎস্যসূক্তে

যদ্‌গৃহে নিবসেত্তন্ত্রং তত্র লক্ষ্মীঃ স্থিরায়তে।
রাজদ্বারে শ্মশানে চ সভায়াং রণমধ্যতঃ ॥
নির্জ্জনে চ জলে ঘোরে শ্বাপদৈঃ পরিভূষিতে।
মাহাত্ম্যাত্তস্য দেবেশি চমৎকারী ভবেৎ প্রিয়ে ॥

—বৃহন্নীলতন্ত্রে

অন্যান্যশাস্ত্রেষু বিনোদমাত্রং, ন তেষু কিঞ্চিদ্ভুবি দৃষ্টমস্তি,
চিকিৎসিতজ্যোতিষতন্ত্রবাদাঃ, পদে পদে প্রত্যয়মাবহন্তি ॥

# প্রকাশকের নিবেদন

আলোচ্যমান তন্ত্রখণ্ড আমাদের ঘোষিত খণ্ডে-খণ্ডে প্রকাশিতব্য ও পৃথক-পৃথক দশটি খণ্ডে সমাপ্য, মহাবিদ্যাতন্ত্রম্-এর অন্তর্গত ষষ্ঠখণ্ড। বিভিন্ন সম্পাদকগণের নিকট হইতে যখন যে-খণ্ডের সম্পাদিত পাণ্ডুলিপি পাওয়া যাইতেছে সেই খণ্ডটিই তৎক্ষণাৎ প্রকাশ করিবার ব্যবস্থা হইতেছে। ইহাতে সমগ্র গ্রন্থখানার প্রকাশন দ্রুততর হইবে। এই মহাগ্রন্থবিধৃত মহাবিদ্যাগণ প্রত্যেকেই এক অখণ্ড মহাশক্তিরই বিভিন্ন প্রকাশমাত্র, বহিঃর্বিকাশে রূপ-বিভিন্নতা পরিলক্ষিত হইলেও প্রতিটি মহাবিদ্যা এক আদি মাতৃকাশক্তিরই প্রস্ফুট বিস্তারমাত্র।

গুরূপদেশ ও যথার্থ নির্ভরযোগ্য বিশুদ্ধ মন্ত্রশাস্ত্রের অভাবে তন্ত্রবিষয়ে সম্যগ্ জ্ঞান লাভ হয় না। তন্ত্রশাস্ত্র-বিধৃত মন্ত্রসমূহের নিগূঢ় রহস্য ও তাৎপর্য্যার্থ যথাযথ পরিপূর্ণরূপে উপলব্ধ জ্ঞানাভাবে কার্য্যসিদ্ধি হয় না। বিশেষতঃ ক্রিয়া প্রণালীবদ্ধ ক্রম-নিয়মানুসারে অনুষ্ঠিত না হইলে উহা ফলপ্রদ হয় না। ফল-প্রাপ্তি না হইলে ক্রিয়ার ফলে লোকের আস্থা হ্রাস পায় এবং উহা ক্রমশঃ ক্ষীণ হইতে ক্ষীণতর হইয়া নিঃশেষ হইয়া যায়। ক্রিয়ানুষ্ঠাতার কর্ম্ম যাহাতে শুভ ও ফলপ্রদ হয়—অর্থ, শ্রম ও সময় অযথা নষ্ট না হয় তদুদ্দেশ্যে বিশুদ্ধ পাঠ ও মন্ত্রার্থযুক্ত আলোচ্য তন্ত্রখণ্ডটি প্রকাশিত হইল। মন্ত্রাধীন দেবতা এবং মন্ত্র নিখুঁত অনুষ্ঠান-পারঙ্গম অনুষ্ঠাতাধীন। যথাবিহিত পদ্ধতিতে যত্নবান্ দক্ষ ক্রিয়াবিদের অনুষ্ঠিত ক্রিয়ার ফল দুর্নিরোধ্য ও অবশ্যম্ভাবী। অলমতি বিস্তরেণ—

# সূচীপত্র

প্রচণ্ডচণ্ডিকা যন্ত্রং

ছিন্নমস্তা (প্রকাশক কর্ত্তৃক এই ছবি স্বত্ত্ব সংক্ষিত)

# প্রচণ্ডচণ্ডিকাতন্ত্রম্

## ছিন্নমস্তা-প্রয়োগঃ

প্রচণ্ডচণ্ডিকাং বক্ষ্যে সর্ব্বকামফলপ্রদাম্ ।
যস্যাঃ প্রসাদমাত্রেণ সদাশিবো ভবেন্নরঃ ॥ ১
অপুত্রো লভতে পুত্রমধনো ধনবান্ ভবেৎ ।
কবিত্বঞ্চ সুপাণ্ডিত্যং লভতে নাত্র সংশয়ঃ ॥ ২

অথ প্রচণ্ডচণ্ডিকামন্ত্রঃ । বিশ্বসারে যামলে চ—

লক্ষ্মীং লজ্জাং ততো মায়াং মাত্রাং দ্বাদশিকা[১]মপি ।
বজ্রবৈরোচনীয়ে দ্বে মায়ে ফট্ স্বাহয়া যুতঃ ॥ ৩
লক্ষ্মীবীজং যদাদ্যং স্যাত্তদা শ্রীঃ সর্ব্বতোমুখী ।
লজ্জাবীজেন চাদ্যেন বশ্যতাং যান্তি যোষিতঃ ॥ ৪
মায়াবীজেন[২] চাদ্যেন মহাপাতকনাশনম্ ।
মাত্রাং দ্বাদশিকাং বীজমাদ্যং স্যান্মুক্তিদায়কম্ ॥ ৫

---

সর্ব্বকামফলপ্রদা প্রচণ্ডচণ্ডিকার মন্ত্রপূজাদি কথিত হইতেছে। প্রচণ্ডচণ্ডিকার অনুগ্রহমাত্রের দ্বারা মনুষ্য সদাশিবত্ব প্রাপ্ত হইয়া থাকে এবং অপুত্রক পুত্র লাভ করে, নির্ধন ধনবান্ হয় এবং এই প্রচণ্ডচণ্ডিকা দেবীর অনুগ্রহ হইলে কবিত্ব ও পাণ্ডিত্য লাভ হইয়া থাকে, ইহাতে সংশয় নাই। ১-২

অনন্তর প্রচণ্ডচণ্ডিকার মন্ত্র কথিত হইতেছে। প্রচণ্ডচণ্ডিকা ছিন্নমস্তারই নামান্তর। বিশ্বসারে ও রুদ্রযামলে বলিয়াছেন, প্রথমে লক্ষ্মীবীজ ( শ্রীঁ ), পরে লজ্জাবীজ ( কামবীজ ক্লীঁ ), মায়াবীজ ( হ্রীঁ ) বিন্দুযুক্ত দ্বাদশমাত্রা অর্থাৎ দ্বাদশস্বর ( ঐঁ ) 'বজ্রবৈরোচনীয়ে' এই পদ, পুনর্ব্বার দুইটি মায়াবীজ ( হ্রীঁ হ্রীঁ ) এবং স্বাহা যুক্ত ফট্ অর্থাৎ ফট্ স্বাহা। তাহা হইলে মন্ত্রটি এইরূপ হইবে—"শ্রীঁ ক্লীঁ হ্রীঁ ঐঁ বজ্রবৈরোচনীয়ে হ্রীঁ হ্রীঁ ফট্ স্বাহা"। ৩

যখন শ্রীং ক্লীং হ্রীং ঐং বজ্রবৈরোচনীয়ে হ্রীং হ্রীং ফট্ স্বাহা—এইরূপ শ্রীবীজাদি মন্ত্র হইবে, তখন উহা সর্ব্ববিষয়ে সমৃদ্ধি প্রদান করে। লজ্জাবীজাদি মন্ত্র অর্থাৎ "ক্লীঁ শ্রীঁ হ্রীঁ ঐঁ বজ্রবৈরোচনীয়ে হ্রীঁ হ্রীঁ ফট্ স্বাহা" এই মন্ত্র

---

১। কচিৎ—মাত্রাদ্বাদশিকামিতি পাঠঃ। মাত্রা স্বরঃ তস্য দ্বাদশিকামৈকারঃ।

২। অত্র মায়াপদেন মায়াবীজ-কূর্চ্চবীজ-ভেদাৎ দ্বিবিধত্বং মন্ত্রস্য, যথা—শ্রীঁ ক্লীঁ হ্রীঁ ঐঁ বজ্রবৈরোচনীয়ে হ্রীঁ হ্রীঁ ফট্ স্বাহা। শ্রীঁ ক্লীঁ হূঁ ঐঁ বজ্রবৈরোচনীয়ে হূঁ হূঁ ফট্ স্বাহা।

ভৈরবোঽস্য ঋষির্দ্দেবি সম্রাট্ ছন্দ উদীরিতম্।
ছিন্নমস্তা স্মৃতা দেবী বীজং কূর্চ্চদ্বয়ং পুনঃ।
স্বাহা শক্তিরভীষ্টার্থে বিনিয়োগ উদাহৃতঃ॥ ৬

অত্র লজ্জাপদং কামবীজপরম্ তথা চ,—

অত্র লজ্জাপদে দেবি কামবীজং বিতন্যতে।
মহাকালমতং[১] জ্ঞেয়ং মন্ত্রোদ্ধারং শুভাবহম্।

পূর্ব্বমায়াপদে ইতি পাঠে—মায়ায়াঃ পূর্ব্বং যদ্ লজ্জাবীজং তস্মিন্নিত্যর্থঃ। তথা চ—পূর্ব্বমায়াপদেন লজ্জাবীজমুচ্যতে, অন্যথা তাপিন্যাদিবিরোধঃ। তথা চ—

কামাদ্যাং বাগ্‌ভবাদ্যাং বা মায়াদ্যাং বা জপেৎ সুধীঃ।
লক্ষ্ম্যাদ্যাং বা জপেদ্বিদ্যাং চতুর্ব্বর্গফলপ্রদাম্॥ ৭

---

দ্বারা স্ত্রীলোকগণ বশীভূত হয়। মায়াবীজাদি (হ্রীঁ আদি) মন্ত্র দ্বারা মহাপাতক নাশ হয় অর্থাৎ "হ্রীঁ শ্রীঁ ক্লীঁ ঐঁ বজ্রবৈরোচনীয়ে হ্রীঁ হ্রীঁ ফট্ স্বাহা" এই মন্ত্র আরাধনা করিলে সাধকের মহাপাতক বিনষ্ট হয়। দ্বাদশ স্বর (ঐঁ) আদিতে থাকিলে অর্থাৎ "ঐঁ শ্রীঁ ক্লীঁ হ্রীঁ বজ্রবৈরোচনীয়ে হ্রীঁ হ্রীঁ ফট্ স্বাহা" এই মন্ত্র হইলে উহা মুক্তিপ্রদ হয়। ৪-৫

হে দেবি! এই মন্ত্রের ভৈরব ঋষি, সম্রাট্ ছন্দ, ছিন্নমস্তা দেবতা, কূর্চদ্বয় (হুং হুং) বীজ এবং স্বাহা শক্তি ও অভীষ্ট লাভ কামনায় ইহার বিনিয়োগ (প্রয়োগ) কথিত হইয়াছে। ৬

এই মন্ত্রোদ্ধার স্থলে লজ্জা শব্দে কামবীজ বুঝিতে হইবে। তন্ত্রে তাহা উক্ত হইয়াছে যে, হে দেবি! এই মন্ত্রোদ্ধার স্থলে লজ্জাপদে কামবীজ (ক্লীং) গৃহীত হয়। ইহা মহাকালের মত জানিবে। এই মন্ত্রোদ্ধার শুভাবহ জানিবে। "পূর্ব্বমায়াপদে ইতি" পাঠে অর্থাৎ "পূর্বমায়াপদে দেবি! কামবীজং বিতন্যতে" এইরূপ পাঠ হইলে তাহার অর্থ হইবে—মায়ার পূর্বে যে লজ্জা বীজ, সেই লজ্জাবীজপদে। সুতরাং পূর্ব্বমায়া পদের দ্বারা লজ্জাবীজ কথিত হইতেছে। নতুবা তাপিনী প্রভৃতি গ্রন্থের সহিত বিরোধ ঘটে। তাহাই তন্ত্রে উক্ত হইয়াছে যে—সুধী কামবীজাদি বা বাগ্‌ভববীজাদি বা মায়াবীজাদি এই বিদ্যাকে জপ করিবে। অথবা চতুবর্গফলপ্রদ শ্রীবীজাদি এই বিদ্যাকে জপ করিবে। ৭

---

১। তেন মহাকালমতেঽয়ং মন্ত্র প্রাদুর্ভূতঃ।

অন্যেষাঞ্চ মুনীনাং মতে সর্ব্বত্র মায়াপদং কূর্চ্চপরম্ ॥ তত্রৈব—

বান্তং বহ্নিসমাযুক্তং রতিবিন্দুসমন্বিতম্ ।
লক্ষ্মীবীজমিদং প্রোক্তং সর্ব্বকামার্থসিদ্ধিদম্ ॥
বামাক্ষিবহ্নিসংযুক্তং বিন্দুনাদবিভূষিতম্ ।
শিববীজং মহেশানি লজ্জাবীজমুদাহৃতম্ ॥
ঈশানমুদ্ধৃত্য পুরারিবীজং, সবিন্দুকং নাদবিভূষিতঞ্চ ।
সবামকর্ণং পরিতঃ প্রকল্প্য, মায়াং বদন্তীহ মনীষিণস্তাম্ ॥
দ্বাদশস্বরবর্ণং স্যান্নাদবিন্দুবিভূষিতম্ ।
বাগ্ভবং বীজমিত্যুক্তং সর্ব্ববাক্যবিশুদ্ধয়ে ॥

ইতি মন্ত্রচতুর্ব্বীজব্যাখ্যানাৎ । অয়ন্তু সমীচীনঃ ॥ ৮

ভৈরবমতে তু মায়া ভুবনেশ্বর্য্যেব ॥

লক্ষ্মীঃ প্রথমবীজেঽস্তি লজ্জাবীজে মনোভবঃ ।
তৃতীয়েঽস্মিন্ সদা দেবী মহাপাতকনাশিনী ।
চতুর্থে তু গুণাতীতা মুক্তিবিদ্যাপ্রদায়িকা ।

---

অন্যান্য মুনিগণের মতে সর্বত্র মায়াপদ কূর্চ্চবীজ পর অর্থাৎ মায়াশব্দে সর্বত্র কূর্চ্চবীজ ( হূঁ ) বুঝিতে হইবে।

যেহেতু তথায় এই মন্ত্রের ব্যাখ্যায় বলিয়াছেন যে, বান্ত শ-কারে বহ্নি র-কার, রতি ঈ ও বিন্দু যোগ করিলে উহা লক্ষ্মীবীজ বলিয়া কথিত হয়। এই লক্ষ্মীবীজ সকল প্রকার কামনা ও অর্থের সিদ্ধি প্রদান করেন। হে মহেশানি ! শিববীজ হ্-কার বহ্নি র ও বামাক্ষি ঈ সংযুক্ত এবং নাদ ও বিন্দু বিভূষিত হইলে লজ্জাবীজ বলিয়া কথিত হয়। ত্রিপুরারিবীজ ঈশান হ-কারে বামকর্ণ উ-কার যোগ করিয়া তাহাতে বিন্দু ও নাদ যোগ করিলে মনীষিগণ তাহাকে মায়াবীজ বলেন। দ্বাদশস্বর এ-কারে নাদ ও বিন্দু যোগ করিলে মনীষিগণ উহাকে বাগ্ভব বীজ বলেন। এই মন্ত্রে সর্ব্বপ্রকার বাক্‌শুদ্ধি হয়। অর্থাৎ এই মন্ত্রের চারিটি বীজের এইরূপ ব্যাখ্যা হইতে বুঝা যায়—'মায়া' পদ কূর্চ্চবীজপর। এই মতই সমীচীন। ৮

ভৈরবমতে 'মায়া' শব্দে ভুবনেশ্বরী বীজ হ্রীং। যেহেতু মন্ত্রার্থব্যাখ্যায় ইহা স্পষ্টিকৃত হইয়াছে। মন্ত্রার্থ যথা,—শ্রীঁ এই প্রথম বীজে লক্ষ্মী, দ্বিতীয় লজ্জাবীজে কামদেব, তৃতীয় বীজে মহাপাতকনাশিনী দেবী, চতুর্থবীজে ত্রিগুণাতীতা মুক্তিবিদ্যা-প্রদায়িনী বাগ্‌দেবী, ব-কারে সাক্ষাৎ বরুণ, জ-কারে

বকারে বরুণঃ সাক্ষাজ্জকারে তু সুরাধিপঃ।
রেফে হুতাশনো দেবো বকারে বসুধাধিপঃ।
ঐকারে ত্রিপুরাদেবী রেফে ত্রিপুরসুন্দরী।
ত্রৈলোক্যবিজয়া দেবী সদৈবৌকারসংস্থিতা।
চকারে চন্দ্রমা দেবো নকারে হি বিনায়কঃ॥
ঈকারে কমলা সাক্ষাদ্ য়েকারে চ সরস্বতী।
মায়াযুগ্মে সদা দেবী প্রকৃত্যা সহ সঙ্গতা॥
বৈখরী চৈব ফট্‌কারে স্বাকারে কুসুমায়ুধঃ।
হাকারে চ রতিস্তিষ্ঠেদেবং মন্ত্রসমুচ্চয়ঃ॥

ইতি ব্যাখ্যানাচ্চ॥ ৮

অস্য পূজাপ্রয়োগঃ। প্রাতঃকৃত্যাদিকং কৃত্বা মন্ত্রাচমনং কুর্য্যাৎ। যথা—

লক্ষ্মী-মায়া-কূর্চ্চ-বীজৈস্ত্রিভিঃ পীত্বাম্বু সাধকঃ।
বাগ্‌ভবেনোষ্ঠৌ সংমৃজ্য মায়াভ্যাঞ্চ দ্বিরুন্মৃজেৎ॥
কূর্চ্চেন ক্ষালয়েৎ পাণী এভির্মন্ত্রৈশ্চ[১] বিন্যসেৎ।

---

সুরাধিপতি, রেফে দেব হুতাশন, ব-কারে বসুধাধিপতি, ঐকারে ত্রিপুরাদেবী, রেফে ত্রিপুরসুন্দরী, ঔ-কারে ত্রৈলোক্যবিজয়া দেবী সংস্থিতা, চকারে চন্দ্রমা দেব, নকারে বিনায়ক, দীর্ঘ-ঈকারে সাক্ষাৎ কমলা, য়ে-কারে সরস্বতী, মায়াদ্বয়ে (দুই মায়াবীজ) প্রকৃতির সহিত দেবী অবস্থিতা, ফট্‌কারে শব্দজনিকা (বৈখরী) শক্তি, স্বা-কারে কামদেব এবং হা-কারে রতি অবস্থিতা আছেন। এই প্রকার মন্ত্র সমুচ্চয়। এইরূপ ব্যাখ্যা হইতে মায়া শব্দে ভুবনেশ্বরী বীজ সমর্থিত হইয়াছে। ৮

অনন্তর ছিন্নমস্তাদেবীর পূজা-পদ্ধতি কথিত হইতেছে। প্রথমতঃ সামান্য-পূজাপদ্ধতি অনুসারে প্রাতঃকৃত্যাদি করিয়া মন্ত্রাচমন করিবে। সাধক লক্ষ্মী, মায়া ও কূর্চ্চবীজে ('শ্রীঁ হ্রীঁ হুঁ' এই মন্ত্রে) বারত্রয় জলপান করিয়া বাগ্‌ভববীজে (ঐঁ এই মন্ত্রে) ওষ্ঠদ্বয় মার্জ্জনা করিয়া, মায়া দুইটি দ্বারা ('হ্রীঁ হ্রীঁ' এই মন্ত্রে) পুনর্ব্বার বারদ্বয় ওষ্ঠ মার্জ্জনা করিবে। অনন্তর কূর্চ্চবীজের দ্বারা (হুঁ এই মন্ত্রে) হস্তদ্বয় প্রক্ষালন করিয়া এই বক্ষ্যমাণ মন্ত্রের দ্বারা মুখাদি স্পর্শ করিবে। শ্রীঁ এই মন্ত্রে বক্ত্র, হ্রীঁ এই মন্ত্রে দক্ষিণনাসিকা, হুঁ এই মন্ত্রে

---

১। এভির্মন্ত্রৈরিতি। বক্ষ্যমাণৈঃ শ্রীং হ্রীং হুং ঐঁ ক্লীঁ শ্রীঁ হ্রীঁ ক্লীঁ ঐঁ ওঁ বীজৈরিত্যর্থঃ।

শ্রী-মায়া-কূর্চ্চ-বাক্-কাম-ত্রিপুটা-ভগ-বর্ত্তুলৈঃ[১] ।
কাম-কলাঙ্কুশাভ্যাঞ্চ[২] বক্ত্র-নাসাক্ষি-শ্রোত্রয়োঃ ॥
নাভি-হৃন্মস্তকং চাংসৌ স্পৃষ্ট্বা শম্ভুর্ভবেৎ ক্ষণাৎ ।
আচম্যৈবং ছিন্নমস্তাং বৎসরাৎ তাং প্রপশ্যতি ॥ ৯

ততঃ প্রাণায়ামান্তং বিধায় ষোঢ়ান্যাসং কুর্য্যাৎ ।

মন্ত্রষোঢ়াং[৩] ততঃ কুর্য্যাৎ ত্রৈলোক্যবশকারিণীম্ ।
শ্রী-বালা-ত্রিপুটা-যোনি-প্রাসাদ-প্রণবৈস্তথা ॥

---

বামনাসিকা, ঐঁ এই মন্ত্রে দক্ষিণচক্ষুঃ, ক্লীঁ এই মন্ত্রে বামচক্ষুঃ, 'শ্রীঁ হ্রীঁ ক্লীঁ' এই মন্ত্রে দক্ষিণকর্ণ, ঐঁ এই মন্ত্রে বামকর্ণ, ওঁ এই মন্ত্রে নাভি, ক্লীঁ এই মন্ত্রে হৃদয়, ঈঁ এই মন্ত্রে মস্তক এবং ক্রোং এই মন্ত্রে স্কন্ধদ্বয় স্পর্শ করিবে। এইরূপ স্পর্শ করিয়া সাধক শীঘ্র শিবস্বরূপ হয়। উক্ত প্রকারে আচমন করিয়া ছিন্নমস্তা দেবীর আরাধনা করিলে সাধক সংবৎসরকাল মধ্যে দেবীর সাক্ষাৎকার লাভ করিতে পারেন। ৯

অনন্তর সামান্য পূজা বিধি অনুসারে প্রাণায়াম পর্য্যন্ত সকল কার্য্য করিয়া ষোঢ়ান্যাস করিতে হইবে। তাহাই তন্ত্রে উক্ত হইয়াছে যে, তাহার পর অর্থাৎ প্রাণায়ামের পর ত্রৈলোক্যবশকারিণী মন্ত্রষোঢ়ার শ্রীং অং নমঃ…শ্রীং ক্ষং নমঃ ; ক্লীং অং নমঃ…ক্লীং ক্ষং নমঃ ইত্যাদি আকারে মাতৃকান্যাস স্থানে ন্যাস করিবে। শ্রীবীজ ( শ্রীঁ ) বালাবীজ ( ঐং ক্লীং সৌঃ ) ত্রিপুটাবীজ ( শ্রীঁ হ্রীঁ

---

১। ভগবর্ণকৈরিতি তন্ত্রসার-মুদ্রিত-পাঠঃ। বর্ত্তুলৈরিতি আগমতত্ত্ববিলাস-ধৃতপাঠঃ। অয়ং সমীচীনঃ, বর্ণক-শব্দস্য প্রণববাচকত্বাদর্শনাৎ বর্ত্তুলস্য তথা দর্শনাচ্চ।

ভগবৈকারঃ। স চ বাগ্ভব-বীজং, "ক্ষমাত্মকো জগদ্যোনিঃ পরঃ পরনিরোধকৃৎ" ইতি বর্ণমালায়াং দ্বাদশস্বর-কথনাৎ কেবল-যোনিবাচকস্যাপি তদ্বাচকত্বাৎ।

২। কামকলেতি। কামঃ ( ক্লীং ) কলা ( ঈং ) অঙ্কুশঃ ( ক্রোং ) ইত্যর্থঃ। পূজ্যপাদ পঞ্চানন তর্করত্ন মহাশয়ের সম্পাদিত বীরেশ নাথ বিদ্যাসাগর মহাশয়ের অনূদিত বঙ্গবাসী সংস্করণ তন্ত্রসারে ফুট নোটে কামকলা ( ঈং ) অঙ্কুশঃ ( ক্রোং ) এরূপ ব্যাখ্যা মুদ্রিত আছে। এই ব্যাখ্যা কাহার, তাহার উল্লেখ নাই। যদিও কামকলা শব্দে ঈং বুঝায়, তথাপি এখানে এই ব্যাখ্যা যথার্থ মনে হয় না। কারণ মুখাদি স্পর্শস্থান এগার। এই ব্যাখ্যায় তাহার শ্রীবীজাদি মন্ত্র হয় নব। মন্ত্ররহিত স্পর্শ হইতে পারে না। এজন্য আমি এই ব্যাখ্যা গ্রহণ না করিয়া অন্য ব্যাখ্যা দিয়াছি। সুধী সাধক নিজ নিজ সম্প্রদায় অনুসারে বিচার করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

৩। শ্রীঁ অং নমঃ শ্রীঁ আং নমঃ ইত্যাদি-ক্রমেণ ষোড়শবারং ন্যাসং কুর্য্যাৎ।

শ্রীর্লক্ষ্মীবীজম্, বালা বাগ্ভবঃ কামঃ সৌরিতি বীজত্রয়ম্। ত্রিপুটা লক্ষ্মী-মায়া-কাম-

কালী-বধ্বঙ্কুশৈঃ কামকলাকূর্চ্চাস্ত্রকৈঃ[১] ক্রমাৎ।
ষোড়শীমনুবর্ণৈশ্চ[২] পৃথগষ্টাদশাক্ষরৈঃ[৩] ॥

---

ক্লীঁ ) যোনিবীজ ( ঐঁ ) প্রাসাদবীজ ( হৌঁ ) প্রণব ( ওঁ ) কালীবীজ ( ক্রীঁ ) বধূবীজ, ( স্ত্রীং ), অঙ্কুশবীজ ( ক্রোং ), কামবীজ ( ক্লীং ), কলাবীজ ( ঈঁ ),

---

বীজাত্মক-বীজত্রয়ম্। যোনির্জগদযোনিরৈকারঃ, "ক্ষমাত্মকো জগদ্‌যোনিঃ পরঃ পরনিরোধকৃৎ।" ইতি বর্ণমালাদর্শনাৎ। প্রকৃতে তদ্‌ঘটিতত্বাদ্ বাগ্‌ভববীজম্। প্রাসাদঃ শিববীজং, প্রণবঃ ওঙ্কারঃ, কালী কালীবীজম্, বধূর্বধূবীজম্, অঙ্কুশঃ ক্রোং, কামকলা ঈং, কূর্চং স্পষ্টং, অস্ত্রং ফট্‌কারঃ। আঃ তঃ বিঃ কৃতব্যাখ্যা।

১। শ্রীঁ, ঐঁ ক্লীঁ সৌঃ, শ্রীঁ হ্রীঁ ক্লীঁ, ঐঁ, হৌঁ, ওঁ, ক্রীঁ, স্ত্রীঁ, ক্রোঁ, ক্লীং, ঈঁ, হূঁ, ফট্।

২। ষোড়শীমনুবর্ণৈরিতি। অস্যাঃ উক্ত-ষোড়শীমন্ত্রবর্ণৈরিত্যর্থঃ। পৃথক্ প্রত্যেকবর্ণম্। অষ্টাদশাক্ষরৈরিতি। এতদীয়-কমলা-ভুবনেশানীত্যাদি-বক্ষ্যমাণাষ্টাদশাক্ষরীবর্ণৈরিত্যর্থঃ। এভিরিতি ইত্যুক্তৈরেকপঞ্চাশদ্বর্ণৈরিত্যর্থঃ। আঃ তঃ বিঃ কৃতব্যাখ্যা।

শ্রীঁ অঁ নমঃ, ঐঁ আঁ নমঃ, ক্লীং ইঁ নমঃ, সৌঃ ঈঁ নমঃ, শ্রীঁ উঁ নমঃ, হ্রীঁ ঊঁ নমঃ, ক্লীঁ ঋঁ নমঃ, ঐঁ ৠঁ নমঃ, হৌঁ ৯ঁ নমঃ, ওঁ ৡঁ নমঃ, ক্রীঁ এঁ নমঃ, স্ত্রীঁ ঐঁ নমঃ, ক্রোঁ ওঁ নমঃ, ঈঁ ঔঁ নমঃ, হূঁ অঁ নমঃ, ফ অঃ নমঃ, ট্ কঁ নমঃ।

শ্রীঁ খঁ নমঃ, হ্রীঁ গঁ নমঃ, হূঁ ঘঁ নমঃ, ঐঁ ঙঁ নমঃ, ব চঁ নমঃ, জ্র ছং নমঃ, বৈ জং নমঃ, রো ঝং নমঃ, চ ঞং নমঃ, নী টং নমঃ, য়ে ঠং নমঃ, হূং ডং নমঃ, হূং ঢং নমঃ, ফট্ ণং নমঃ, স্বা তং নমঃ, হা থং নমঃ।

শ্রীং দং নমঃ, হ্রীং ধং নমঃ, হূং নং নমঃ, ঐং পং নমঃ, ব ফং নমঃ, জ্র বং নমঃ, বৈ ভং নমঃ, রো মং নমঃ, চ যং নমঃ, নী রং নমঃ, য়ে লং নমঃ, শ্রীং বং নমঃ, হ্রীং শং নমঃ, হূং ষং নমঃ, ঐং সং নমঃ, ফট্ হং নমঃ, স্বা লং নমঃ, হা ক্ষং নমঃ। ইতি আগমতত্ত্ববিলাস-ধৃত-বীজষোঢ়ান্যাসঃ।

উক্ত সংস্করণের তন্ত্রসারের ফুট নোটে ষোঢ়ান্যাস স্থলে "শ্রীং অং নমঃ, শ্রীং আং নমঃ" ইত্যাদি ক্রমেণ ষোড়শবারং ন্যাসং কুর্য্যাৎ" এই ব্যাখ্যা মুদ্রিত হইয়াছে। এইটী কাহার ব্যাখ্যা, তাহার উল্লেখ নাই। সংস্কৃত কলেজের ১২৫৮নং আগমতত্ত্ববিলাসের পুঁথিতে এবং আমার পুঁথিতে এরূপ ব্যাখ্যা নাই। অন্য কোন পুঁথিতে আছে কিনা দেখি নাই।

"মন্ত্রষোঢ়াং ততঃ কুর্য্যাৎ" এই বচনে মন্ত্রষোঢ়া বিহিত হইয়াছে। "এষা ব্রহ্মস্বরূপা হি বীজষোঢ়া প্রকীর্ত্তিতা" এই বচনে বীজষোঢ়াও বলা হইয়াছে। এই দুই বচনে দুইটী শব্দের পৃথক্ উল্লেখ থাকায় সরলভাবে বুঝা যায়, মন্ত্রষোঢ়া ও বীজষোঢ়া পৃথক্। দুইটি পৃথক্ হইলে মন্ত্রষোঢ়া পূর্বোক্ত ষোড়শাক্ষর মন্ত্রের প্রত্যেক বর্ণ দ্বারা যোলবার কর্ত্তব্য। তাহা হইলে ৫ পৃষ্ঠার ৩ নং টিপ্পনীও সঙ্গত হয়। ঐ মন্ত্রষোঢ়ার পরে শ্রী-বালা ইত্যাদি ষোড়শাক্ষর মন্ত্রের প্রত্যেক বর্ণ দ্বারা, পরে পূর্বোক্ত ষোড়শাক্ষর মন্ত্রের প্রত্যেক বর্ণ দ্বারা, পরে

এভির্বীজৈর্মাতৃকার্ণান্ স্বেষু স্থানেষু বিন্যসেৎ।
এষা ব্রহ্মস্বরূপা হি বীজষোঢ়া প্রকীর্ত্তিতা ॥
অস্যাঃ সংন্যসনাৎ সর্ব্বে বজ্রদেহা ভবন্তি হি।
সর্বৈশ্বর্য্যযুতাস্তে হি জীবন্মুক্তা দশাব্দতঃ ॥ ১০

---

কূর্চ্চবীজ (হূঁ) ও অস্ত্রমন্ত্র (ফট্) এই সপ্তদশাক্ষর মন্ত্রবর্ণের প্রত্যেক বর্ণের দ্বারা পরে পূর্বোক্ত শ্রীং ক্লীং হ্রীং (হুং) ঐং বজ্রবৈরোচনীয়ে হ্রীং হ্রীং (হুং হুং) ফট্ স্বাহা—এই ষোড়শাক্ষর মন্ত্রের প্রত্যেক বর্ণ দ্বারা অবশিষ্ট মাতৃকাবর্ণের এবং পরে অষ্টাদশাক্ষর শ্রীং হ্রীং হুং ঐং বজ্র-বৈরোচনীয়ে শ্রীং হ্রীং হুং ঐং ফট্ স্বাহা এই মন্ত্রের প্রত্যেক বর্ণের দ্বারা ক্রমে ক্রমে অবশিষ্ট প্রত্যেক মাতৃকাবর্ণকে তাহার নিজ নিজ স্থানে ন্যাস করিবে। এই বীজষোঢ়া ব্রহ্মস্বরূপা বলিয়া কীর্ত্তিত হইয়াছে।

এই ষোঢ়ান্যাস করিলে সকলে বজ্রবৎ দৃঢ়দেহ হইয়া থাকেন। তাঁহারা দশ বৎসরের মধ্যে সর্ব্বৈশ্বর্য্যযুক্ত হইয়া জীবন্মুক্ত হইতে পারেন। ১০

---

অষ্টাদশাক্ষর মন্ত্রের প্রত্যেক বর্ণ দ্বারা বীজষোঢ়া হইবে। কিন্তু ইহা বচনে বা ব্যাখ্যায় স্পষ্ট হয় নাই। পূজ্যপাদ তর্করত্ন মহাশয়ও কোন আলোকপাত করেন নাই।

আগমতত্ত্ব বিলাসেও তাহা স্পষ্ট হয় নাই। যদি মন্ত্রষোঢ়া পৃথক্ হয়, তবে পূর্বোক্ত ষোড়শাক্ষর মন্ত্রের প্রত্যেক মন্ত্রবর্ণ দ্বারা প্রত্যেক মাতৃকাবর্ণের ন্যাস হইলে ষোলবার ন্যাস হইবে। কিন্তু আগমতত্ত্ববিলাসে এইরূপ ন্যাস প্রদর্শিত হয় নাই। সেখানে শ্রীবালা ইত্যাদি ক্রমে ন্যাস প্রদর্শিত হইয়াছে। ইহাতে মনে হয়, তিনি মন্ত্র ষোঢ়ারই ব্যাখ্যারূপে "শ্রীবালা" ইত্যাদিকে গ্রহণ করিয়া মন্ত্রষোঢ়া ও বীজ ষোঢ়াকে এক করিয়া "শ্রীবালা" ইত্যাদির ফট্কে দুই বর্ণ ধরিয়া সপ্তদশ অক্ষর, পূর্বোক্ত ষোড়শাক্ষর মন্ত্রের ষোড়শাক্ষর এবং কমলা ভুবনেশানী ইত্যাদির অষ্টাদশ অক্ষরের দ্বারা একপঞ্চাশৎ (৫১) মাতৃকাবর্ণের ন্যাস দেখাইয়াছেন। ইহাতে ফট্কারের ন্যাস প্রথমে ফ ও ট্‌কে পৃথক্ করিয়া দুই স্থানে পরে ফট্‌কে একবর্ণ ধরিয়া এক এক স্থানে লিখিত হইয়াছে। এরূপ বৈপরীত্যের কোন ব্যাখ্যা বা প্রমাণ প্রদর্শিত হয় নাই। কামকলাকে এক না করিয়া কাম (কামবীজ) ও কলাকে পৃথক্ করিলে প্রথমটী সপ্তদশাক্ষর হয়। "রমা কামস্তথা লজ্জা" ইত্যাদি পরবর্ত্তী বচনে কাম শব্দে কামবীজ গৃহীত হইয়াছে। তাহা হইলে ফট্কারকে ভাগ করিতে হয় না। তাহাতে প্রথম শ্রীবালা ইত্যাদির সপ্তদশ অক্ষর, মধ্যে ষোড়শাক্ষর মন্ত্রবর্ণের ষোড়শ অক্ষর, শেষে কমলা ভুবনেশানী ইত্যাদির অষ্টাদশাক্ষর এই ৫১ টী বীজাক্ষর দ্বারা ৫১ টী মাতৃকাবর্ণের মাতৃকা স্থানে ন্যাস করিলে ফট্কারকে কোন স্থানে বিভাগ করিতে হয় না। প্রকৃত পক্ষে এস্থলে ষোঢ়ান্যাসটির আকার কিরূপ হইবে, তাহা সুধী সাধকগণ বিজ্ঞ গুরুর উপদেশ অনুসারে স্থির করিয়া লইবেন।

০। পৃথগষ্টাদশাক্ষরীতি কচিৎ পাঠঃ।

ততঃ ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। অস্য মন্ত্রস্য ভৈরব-ঋষিঃ সম্রাট্ ছন্দশ্ছিন্নমস্তা দেবতা হূঙ্কারদ্বয়ং বীজং স্বাহা শক্তিরভীষ্টার্থসিদ্ধয়ে বিনিয়োগঃ। যথা—

শিরসি—ভৈরবায় ঋষয়ে নমঃ।

মুখে—সম্রাট্ছন্দসে নমঃ।

হৃদি—ছিন্নমস্তায়ৈ[1] দেবতায়ৈ নমঃ।

গুহ্যে—হূঁ হূঁ বীজায় নমঃ।

পাদয়োঃ—স্বাহা শক্তয়ে নমঃ॥ ১১

ততঃ করাঙ্গন্যাসৌ।—

ওঁ আং খড়্গায় হৃদয়ায় স্বাহা ইতি কনীয়সি।

ওঁ ঈং সুখড়্গায় শিরসে স্বাহা ইতি পবিত্রাঙ্গুলয়োঃ[2]।

ওঁ উং সুবজ্রায় শিখায়ৈ স্বাহা ইতি মধ্যময়োঃ।

ওঁ ঐঁ পাশায় কবচায় স্বাহা ইতি তর্জ্জন্যোঃ।

ওঁ ঔঁ ক্রোং[3] নেত্রত্রয়ায় স্বাহা ইতি অঙ্গুষ্ঠয়োঃ।

ওঁ অঃ সুরক্ষাসুরক্ষায়াস্ত্রায় ফট্ ইতি করতল-পৃষ্ঠয়োঃ।

এবং হৃদয়াদিষু[4]। তদুক্তং ভৈরবতন্ত্রে—

উচ্চরেৎ পূর্ব্বমাকারং বিন্দুলাঞ্ছিতমস্তকম্।

খড়্গায় হৃদয়ায়েতি স্বাহা-যুক্তং কনীয়সি॥

---

তৎপরে ঋষ্যাদিন্যাস করিতে হইবে। এই ঋষ্যাদি ন্যাসের প্রণালী মূলে লিখিত মন্ত্র ও প্রণালী ক্রমে করিতে হইবে। ১১

তৎপরে করাঙ্গন্যাস করিবে। ইহার করাঙ্গন্যাসে কিঞ্চিৎ বৈষম্য (প্রভেদ) আছে। অন্যান্য দেবতার পক্ষে অগ্রে অঙ্গুষ্ঠাঙ্গুলীতে, তৎপরে তর্জ্জন্যাদি অঙ্গুলীতে ন্যাস করিতে হয়। এই দেবতার ন্যাসে অগ্রে কনিষ্ঠাঙ্গুলীতে, তৎপরে অনামিকা, মধ্যমা, তর্জ্জনী ও অঙ্গুষ্ঠাঙ্গুলীতে ন্যাস করিতে হইবে। মূলে এই ন্যাসের মন্ত্রাদি লিখিত আছে, দেখিলেই বুঝিতে পারিবেন। এইরূপে হৃদয়াদিতে ন্যাস করিবে। ভৈরবতন্ত্রে ইহাই বলিয়াছেন যে—প্রথমে মস্তকে বিন্দুযুক্ত আকার উচ্চারণ করিয়া ‘খড়্গায় হৃদয়ায় স্বাহা’ এই বলিয়া দুই হস্তের কনিষ্ঠা

---

১। প্রচণ্ডচণ্ডিকায়ৈ ইতি কচিৎ পাঠঃ। ২। অনামা-পবিত্রাঙ্গুল্যোঃ ইতি কচিৎ পাঠঃ।

৩। ওঁ ঔঁ ক্রোং পাশায় নেত্রত্রয়ায় স্বাহা ইতি অঙ্গুষ্ঠয়োঃ ইতি কচিৎ পাঠঃ।

৪। ওঁ আং খড়্গায় হৃদয়ায় স্বাহা ইত্যাদিনা হৃদয়াদিষু ন্যসেৎ।

ঈঙ্কারঞ্চ ততো দেবি চন্দ্রকোটিসমপ্রভম্ ।
সুখড়্গায় ততো বাচ্যম্ শিরসে তদনন্তরম্ ।।
স্বাহাযুক্তং ততো বাচ্যং পবিত্রাঙ্গুলিসংযুতম্ ।
উকারঞ্চ ততো বাচ্যং বিন্দুলাঞ্ছিতমস্তকম্ ।।
সুবজ্রায় ততো বাচ্যং শিখায়ৈ চ ততঃ পরম্ ।
স্বাহান্তং মধ্যমায়াঞ্চ বিন্যসেৎ তদনন্তরম্ ।।
মাত্রাং দ্বাদশিকাং দেবীং বিন্যসেচ্চ ততঃ পরম্ ।
পাশায়েতি সমুচ্চার্য্য প্রবদেৎ কবচায় চ ।
স্বাহান্তং বিন্যসেন্মন্ত্রং তর্জ্জন্যাং তদনন্তরম্ ।।
ঔঙ্কারঞ্চ ততো দেবি চাঙ্কুশং তদনন্তরম্ ।
নেত্রত্রয়ায় স্বাহান্তমঙ্গুষ্ঠে করয়োর্দ্বয়োঃ ।।
অকারঞ্চ বিসর্গান্তং সুরক্ষাক্ষর-সংযুতম্ ।
অসুরক্ষায়-সংযুক্তমস্ত্রায়েতি ততঃ পরম্ ।।
ফড়ক্ষর-সমাযুক্তং বিন্যসেৎ তলপৃষ্ঠয়োঃ ।।

অঙ্গন্যাসস্য প্রমাণম্—

হৃদি মূর্দ্ধ্নি শিখায়াঞ্চ কবচে নেত্রমণ্ডলে ।

---

অঙ্গুলীতে ন্যাস করিবে। হে দেবি! তৎপর চন্দ্রকোটি তুল্য প্রভাবশালী 'ঈং' উচ্চারণপূর্ব্বক 'সুখড়্গায়' বলিয়া তাহার পর 'শিরসে স্বাহা' এই বলিয়া দুই হস্তের অনামারূপ পবিত্রাঙ্গুলীতে ন্যাস করিবে। তদনন্তর মস্তকে বিন্দুযুক্ত 'উং'-কার উচ্চারণ করিয়া পরে 'সুবজ্রায়' বলিয়া পরে স্বাহান্ত শিখায়ৈ অর্থাৎ 'শিখায়ৈ স্বাহা' বলিয়া দুই হস্তের মধ্যমাঙ্গুলীতে ন্যাস করিতে হইবে। অতঃপর দেবী দ্বাদশিকা মাত্রা 'ঐং' উচ্চারণ করিয়া পরে 'পাশায়' ও স্বাহান্ত কবচায় অর্থাৎ 'পাশায় কবচায় স্বাহা' উচ্চারণ করিয়া তর্জ্জনীদ্বয়ে ন্যাস করিবে। তৎপর হে দেবি! 'ঔং' উচ্চারণ করিয়া পরে ও 'ক্রোং' ও 'নেত্রত্রয়ায় স্বাহা' বলিয়া দুই হস্তের অঙ্গুষ্ঠে ন্যাস করিবে। তাহার পর বিসর্গান্ত অকার অর্থাৎ বিসর্গযুক্ত অকারকে ( অঃ ) 'সুরক্ষাক্ষর' সংযুক্ত 'অসুরক্ষায়' সংযুক্ত করিয়া তাহার পর অস্ত্রায় ফট্' যুক্ত করিয়া, দুই হস্তের করতল ও করপৃষ্ঠে ন্যাস করিবে। অঙ্গন্যাসের প্রমাণ—হৃদয়ে, মস্তকে, শিখায়, কবচে, নেত্রমণ্ডলে ও করতলে

যাবদস্ত্রং চতুর্দিক্ষু বিদিক্ষু[১] চ যথাক্রমম্ ॥

ত্রিশক্তিতন্ত্রে ভৈরববাক্যম্—

উচ্চরেৎ প্রণবং পূর্ব্বমাকারং বিন্দুসংযুতম্ ।

ইত্যাদিবাক্যাৎ করাঙ্গেষু প্রণবসম্বলিতো ন্যাসঃ ॥ ১২

ততো মূলেন মস্তকাদিপাদপর্য্যন্তং পাদাদিমস্তকান্তং বারত্রয়ং ব্যাপকং ন্যসেৎ ॥ ১৩ ততো ধ্যানম্ ।—

স্বনাভৌ[২] নীরজং ধ্যায়েদর্দ্ধং বিকসিতং সিতম্ ।
তৎপদ্মকোষমধ্যে তু মণ্ডলং চণ্ডরোচিষঃ[৩] ॥
জবাকুসুমসঙ্কাশং রক্তবন্ধূকসন্নিভম্ ।
রজঃ-সত্ত্ব-তমোরেখা-যোনিমণ্ডলমণ্ডিতম্ ॥
মধ্যে তু তাং মহাদেবীং সূর্য্যকোটি-সমপ্রভাম্[৪] ।
ছিন্নমস্তাং করে বামে ধারয়ন্তীং স্বমস্তকম্ ॥
প্রসারিতমুখীং ভীমাং লেলিহানোগ্রজিহ্বিকাম্[৫] ।
পিবন্তীং রৌধিরীং ধারাং নিজকণ্ঠবিনির্গতাম্ ॥

---

ন্যাস করিয়া দিক্ ও বিদিক্ (কোণদিক্) সমূহে ছোটিকা দ্বারা দশদিক্ বন্ধন করিবে। ত্রিশক্তিতন্ত্রে ভৈরব বলিয়াছেন যে, প্রথমে প্রণব, তৎপরে বিন্দুসংযুক্ত আকার উচ্চারণ করিবে। ইত্যাদি বাক্য হইতে বুঝা যায়, প্রণব যুক্ত করিয়া কর ও অঙ্গসমূহে ন্যাস কর্ত্তব্য। অতএব ছিন্নমস্তা দেবীর করাঙ্গন্যাসে প্রথমে প্রণব (ওঁ) উচ্চারণ করিয়া পরে যথোক্ত মন্ত্রপাঠপূর্ব্বক করাঙ্গন্যাস করিতে হইবে। ১২

অনন্তর মূলমন্ত্রে মস্তক হইতে পাদ পর্যন্ত এবং পাদ হইতে মস্তক পর্যন্ত তিনবার ব্যাপকন্যাস করিয়া পরে ধ্যান করিবে। ১৩

ধ্যান যথা,—বিচক্ষণ সাধক স্বীয় নাভিতে অর্দ্ধবিকসিত শ্বেত পদ্ম ধ্যান করিবে। সেই পদ্মের কোষমধ্যে জবাকুসুম ও রক্ত বন্ধূক পুষ্পের ন্যায় রক্তবর্ণ রজঃ, সত্ত্ব, তমো রেখারূপ যোনিমণ্ডলে মণ্ডিত সূর্য্যমণ্ডলকে ধ্যান করিবে। সেই মণ্ডলমধ্যে কোটি সূর্য্যের ন্যায় প্রভাশালিনী রক্তবর্ণা মহাদেবী ছিন্নমস্তাকে ধ্যান করিবে। তিনি স্বীয় বামকরে স্বীয় ছিন্নমস্তক ধারণ করিয়া আছেন। তাঁহার মুখ বিস্তৃত ও ভয়ঙ্কর। তিনি লেলিহাম উগ্র (দীর্ঘ) জিহ্বা-ধারিণী, সেই ছিন্নমুখের দ্বারা নিজকণ্ঠ হইতে বিনির্গত রুধির-ধারা পান করিতেছেন। তিনি আলুলায়িত

---

১। এতেন ছোটিকাভির্দশদিগ্বন্ধনং কুর্য্যাৎ ইতি সূচিতম্ ।
২। সাধকনাভৌ। ৩। সূর্য্যস্য। ৪। এতেন রক্তবর্ণাং। ৫। সৃক্কণী—লেলিহানা।

বিকীর্ণকেশপাশাঞ্চ[১] নানাপুষ্পসমন্বিতাম্ ।
দক্ষিণে চ করে কর্ত্রীং মুণ্ডমালাবিভূষিতাম্ ।।
দিগম্বরীং মহাঘোরাং প্রত্যালীঢ়পদে স্থিতাম্ ।
অস্থিমালাধরাং দেবীং নাগযজ্ঞোপবীতিনীম্ ।।
রতিকামোপবিষ্টাঞ্চ[২] সদা ধ্যায়ন্তি মন্ত্রিণঃ ।
সদা ষোড়শবর্ষীয়াং পীনোন্নতপয়োধরাম্ ।।
বিপরীতরতাসক্তৌ ধ্যায়েদ্রতি-মনোভবৌ ।
ডাকিনী-বর্ণিনী-যুক্তাং বাম-দক্ষিণ-যোগতঃ ।।
দেবীগলোচ্ছলদ্রক্ত-ধারাপানং প্রকুর্ব্বতীম্ ।
বর্ণিনীং লোহিতাং সৌম্যাং মুক্তকেশীং দিগম্বরীম্ ।।
কপাল-কর্ত্রীকা-হস্তাং বাম-দক্ষিণ-যোগতঃ ।
নাগযজ্ঞোপবীতাঢ্যাং জ্বলত্তেজোময়ীমিব ।।
প্রত্যালীঢ়পদাং দিব্যাং নানালঙ্কার-ভূষিতাম্ ।
সদা দ্বাদশবর্ষীয়ামস্থিমালা-বিভূষিতাম্ ।।

---

কেশপাশ ও নানাবিধ পুষ্পে বিভূষিতা, তিনি দক্ষিণহস্তে কর্ত্রী-( ক্ষুদ্র খড়্গ )-ধারিণী ও গলে মুণ্ডমালায় বিভূষিতা। তিনি দিগম্বরী অর্থাৎ নগ্না ও মহাভয়ঙ্করাকৃতি। তিনি প্রত্যালীঢ়পদে (দক্ষিণপাদ অগ্রভাগে ও বামপাদ কিঞ্চিৎ পশ্চাদ্ভাগে রাখিয়া) দণ্ডায়মানা ও অস্থিনির্ম্মিতমালা ও সর্পময় যজ্ঞোপবীত ধারণ করিয়া বিপরীতরতাসক্ত রতি ও কামের উপরি উপবিষ্টা। ঋষিগণ সর্বদা দেবীকে ধ্যান করিতেছেন। তিনি ষোড়শবর্ষীয়া এবং স্থূল ও উন্নত স্তনযুগল-ধারিণী। রতি ও কামকে বিপরীত রতিতে আসক্ত ধ্যান করিবে। তাঁহার বামে ও দক্ষিণে ডাকিনী ও বর্ণিনী নামে দুই নায়িকা রহিয়াছেন। তাঁহারা দেবীর গলদেশ হইতে ঊর্ধ্বনির্গত রুধিরধারা পান করিতেছেন। ঐ বর্ণিনী সৌম্যাকৃতি, রক্তবর্ণা, মুক্তকেশী ও বিবসনা। তাঁহার বামহস্তে নরমুণ্ড ও দক্ষিণহস্তে কর্ত্রীকা এবং গলদেশে সর্পনির্ম্মিত যজ্ঞোপবীত আছে। ইনি জাজ্বল্যমান তেজঃস্বরূপা ও প্রত্যালীঢ় পদে দণ্ডায়মানা। ইনি বিবিধ অলঙ্কারে বিভূষিতা, সর্বদা দ্বাদশবর্ষীয়াকৃতি এবং অস্থিনির্ম্মিত মাল্য দ্বারা বিভূষিতা। দেবীর বামভাগস্থা

---

১। এতেন আলুলায়িতকেশাম্ ।

২। এতেন বিপরীতরতাসক্তৌ রতিকামৌ, তদুপরি নিষণ্ণাম্ ।

ডাকিনীং বামপার্শ্বস্থাং কল্পসূর্য্যানলোপমাম্ ।
বিদ্যুজ্জটাং ত্রিনয়নাং দন্তপংক্তি-বলাকিনীম্[1] ॥
দংষ্ট্রাকরাল-বদনাং পীনোন্নত-পয়োধরাম্ ।
মহাদেবীং মহাঘোরাং মুক্তকেশীং দিগম্বরাম্ ॥
লেলিহান-মহাজিহ্বাং মুণ্ডমালা-বিভূষিতাম্ ।
কপালকর্ত্রীকাহস্তাং বাম-দক্ষিণ-যোগতঃ ॥
দেবীগলোচ্ছলদ্রক্ত-ধারাপানং প্রকুর্ব্বতীম্ ।
করস্থিত-কপালেন ভীষণেনাতিভীষণাম্ ।
আভ্যাং নিষেব্যমাণাং তাং ধ্যায়েদ্দেবীং বিচক্ষণঃ ॥

পিবন্তীমিতি । তেন মুখেনেতি শেষঃ । তথা চ,—

স্বমস্তকং সখর্পরং[2] রক্তধারাভিপূরিতম্ ।
ললজ্জিহ্বং মহাভীমং ধৃতং বামভুজে তথা ।

ইতি ভৈরবতন্ত্রে পাঠঃ । ধ্যানস্যাবশ্যকত্বমাহ তন্ত্রে—

প্রচণ্ডচণ্ডিকামেবমধ্যাত্বা যস্তু পূজয়েৎ ।

---

ডাকিনী কল্পান্তকালীন সূর্য্য ও অগ্নির ন্যায় সমুজ্জ্বল দেহকান্তিযুক্তা ও বিদ্যুতের ন্যায় উজ্জ্বল জটাজুট-ধারিণী । এই ডাকিনী ত্রিনয়না এবং বলাকার ন্যায় অতিশুভ্র দন্তবিশিষ্টা । করালদন্তে ইঁহার বদন অতিভয়ঙ্কর, স্তনদ্বয় অতিস্থূল ও উন্নত । মহাদেবী অতিভয়ঙ্করাকৃতি, আলুলায়িতকেশা ও নগ্না । অতিবৃহৎ লোলজিহ্বা-ধারিণী ও মুণ্ডনির্ম্মিত মালায় বিভূষিতা । তাঁহার বামহস্তে নরমুণ্ড, দক্ষিণহস্তে কর্ত্রীকা । ইনি দেবীর গলদেশ হইতে উর্দ্ধে নির্গত রক্তধারা পান করিতেছেন । হস্তে ভীষণাকার নরমুণ্ড ধারণ করায় তাঁহার আকৃতি অতি ভীষণাকারা হইয়াছে । উক্ত ডাকিনী ও বর্ণিনী ছিন্নমস্তা দেবীকে সেবা করিতেছেন । বিচক্ষণ সাধক উক্ত প্রকারে দেবীকে ধ্যান করিবে ।

ধ্যান মধ্যে 'রুধিরধারা পান করিতেছেন' এই বাক্য দ্বারা এখানে বাম-হস্তস্থিত নিজ ছিন্নমুণ্ড দ্বারা রুধিরধারা পান বুঝিতে হইবে । তাহাই ভৈরবতন্ত্রে উল্লিখিত হইয়াছে যে—লোলজিহ্বাযুক্ত রক্তধারাপূর্ণ অতিভীষণ নিজমস্তক খর্পরোপরি বামহস্তে ধারণ করিয়া আছেন । এইরূপ পাঠ ভৈরবতন্ত্রে আছে ।

তন্ত্রে ছিন্নমস্তা দেবীর ধ্যানের আবশ্যকতা বলিয়াছেন—যে ব্যক্তি ধ্যান না

---

১। এতেন শুভ্রদশনাম্ । ২। খর্পরোপরি মস্তকমিতি যাবৎ । ডাকিনীধ্যানন্তরম্ ।

সদ্যস্তস্য শিরশ্ছিত্ত্বা দেবী পিবতি শোণিতম্ ॥ ১৫

অস্যাঃ পূজাযন্ত্রম্। তত্রৈব—

সিতং কুর্য্যাদ্ দলং পূর্ব্বমাগ্নেয়ং[1] রক্তবর্ণকম্।
যাম্যং কৃষ্ণমতঃ পীতং শুক্লং রক্তং সিতাসিতম্॥
ততঃ পীতাং প্রকুর্ব্বীত কর্ণিকাং তস্য মধ্যগাম্।
তন্মধ্যে তু প্রকুর্ব্বীত মণ্ডলং চণ্ডরোচিষঃ॥
রজঃ-সত্ত্ব-তমো-রেখা রক্ত-শুক্লাসিতাঃ ক্রমাৎ।
মায়াযুগ্মং ততো ন্যস্য ফড়ক্ষর-সমন্বিতম্॥
বাহ্যং তস্য চ চক্রস্য কুর্য্যাৎ প্রাকার-বেষ্টিতম্।
পূর্ব্বং রক্তং ততঃ কৃষ্ণং সিতং পীতং যথাক্রমাৎ।
চতুর্দ্বার-সমাযুক্তং ক্ষেত্রপালৈরধিষ্ঠিতম্॥

অথবা—

ত্রিকোণং বিন্যসেদাদৌ তন্মধ্যে মণ্ডলত্রয়ম্।
তন্মধ্যে বিন্যসেদ্[2] যোনিং দ্বারত্রয়সমন্বিতম্।

---

করিয়া ছিন্নমস্তাদেবীর পূজা করে, দেবী তাহার শিরশ্ছেদ করিয়া রক্তপান করেন। ১৫

ছিন্নমস্তাদেবীর পূজা-যন্ত্র কথিত হইতেছে। সেই ভৈরবতন্ত্রে উক্ত হইয়াছে যথা,—প্রথমে অষ্টদলপদ্ম অঙ্কিত করিবে। ইহার পূর্ব্বদল শুক্লবর্ণ, অগ্নিকোণস্থ দল রক্তবর্ণ, দক্ষিণ দল কৃষ্ণবর্ণ, নৈর্ঋতকোণস্থ দল পীতবর্ণ, পশ্চিমদল শুক্লবর্ণ, বায়ুকোণস্থ দল রক্তবর্ণ, উত্তর-দল শুক্লবর্ণ এবং ঈশানকোণস্থ দল কৃষ্ণবর্ণ করিবে। এতন্মধ্যবর্ত্তী কর্ণিকা পীতবর্ণ করিতে হইবে। এই কর্ণিকামধ্যে সূর্য্যমণ্ডল অঙ্কিত করিয়া উহার চারিদিকে রজ, সত্ত্ব ও তমোগুণাত্মক রক্ত, শুক্ল ও কৃষ্ণবর্ণ বৃত্তাকার রেখাত্রয় করিবে এবং তন্মধ্যে "হ্রীঁ হ্রীঁ ফট্" এই মন্ত্র লিখিবে। সেই চক্রের বাহ্য-দেশকে প্রাকার-বেষ্টিত করিবে। তাহার পর ক্ষেত্রপালের দ্বারা অধিষ্ঠিত পূর্ব্বাদি চতুর্দিকে যথাক্রমে রক্ত, কৃষ্ণ, শুক্ল ও পীতবর্ণযুক্ত চতুর্দ্বার অঙ্কিত করিবে। ১৬

অথবা অন্য প্রকার যন্ত্র। যথা,—প্রথমে ত্রিকোণ অঙ্কিত করিয়া তাহার মধ্যে মণ্ডলাকার তিনটী রেখা অঙ্কিত করিবে। সেই মণ্ডলমধ্যে দ্বারত্রয়-বিশিষ্ট যোনিমণ্ডল অঙ্কিত করিতে হইবে। ত্রিকোণের বহির্ভাগে অষ্টদল পদ্ম অঙ্কিত

---

১। পূর্ব্বমাগ্নেয্যাম্। ২। বিলিখেদিতি ইতি কচিৎ পাঠঃ।

বহিরষ্টদলং পদ্মং ভূবিম্ব-ত্রিতয়ং পুনঃ।
কূর্চ্চবীজং লিখেন্মধ্যে ত্রিকোণে ফট্-সমন্বিতম্ ॥ ১৭
তত্র মধ্যে মহাদেবীং ছিন্নমস্তাং স্মরেদ্ যতিঃ।
প্রদীপকলিকাকারামদ্বিতীয়ব্যবস্থিতাম্।
যোনিমুদ্রা-সমাযুক্তাং হৃদয়স্থিত-লোচনাম্।
ধ্যেয়মেতদ্ যতীনাঞ্চ গৃহস্থানাং নিশাময় ॥ ১৮
যথা,—অন্তরে স্বশরীরস্য নাভি-নীরজ-সঙ্গতাম্।
নির্লেপাং নির্গুণাং সূক্ষ্মাং বালচন্দ্র-সমপ্রভাম্।
সমাধিমাত্র-গম্যাস্তু গুণত্রিতয়-বেষ্টিতাম্।
কলাতীতাং গুণাতীতাং মুক্তিমাত্রপ্রদায়িনীম্।
এবং ধ্যাত্বা মানসৈঃ সংপূজ্য তারিণীবচ্ছঙ্খস্থাপনং কুর্য্যাৎ ॥ ১৯

ততঃ পীঠপূজা—আধারশক্তয়ে, প্রকৃতয়ে, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, রত্নদ্বীপায়, কল্পবৃক্ষায়, তদধঃ—স্বর্ণসিংহাসনায়, আনন্দকন্দায়, সম্বিন্নালায়, সর্ব্বতত্ত্বাত্মক-পদ্মায়, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে। নমঃ সর্ব্বত্র। পদ্মমধ্যে—রতিকামাভ্যাং ॥ ২০

---

করিবে। ত্রিকোণের বহির্ভাগে অষ্টদলপদ্ম অঙ্কিত করিয়া তদ্বাহ্যে ভূবিম্বত্রয় লিখিবে। ত্রিকোণ মধ্যে 'হূঁ ফট্' মন্ত্র লিখিয়া যন্ত্র প্রস্তুত করিবে। ১৭

এই মণ্ডলমধ্যে যতিগণ ছিন্নমস্তা দেবীকে বক্ষ্যমাণ প্রকারে চিন্তা করিবেন। এই দেবী প্রদীপকলিকাকারা, অদ্বিতীয়া, যোনিমুদ্রা-সমাযুক্তা ; ইঁহার নেত্র হৃদয়দেশে অবস্থিত—এই প্রকারে যতিগণ ধ্যান করিবে। গৃহস্থগণ বক্ষ্যমাণ প্রকারে ধ্যান করিবে। যথা,—নিজের শরীরমধ্যস্থ নাভিপদ্মে ( মণিপূরে ) অবস্থিতা ; নির্লিপ্তা, নির্গুণা, সূক্ষ্মা, বালচন্দ্রের ন্যায় প্রভাশালিনী, সমাধিমাত্রগম্যা সামান্য দৃষ্টির অগম্যা, গুণত্রিতয়-বেষ্টিতা, কলাতীতা, সত্ত্বাদিগুণাতীতা, মুক্তিদাত্রী ছিন্নমস্তা দেবীকে ধ্যান করিবে। এই প্রকারে ধ্যান করিয়া মানসোপচারে অর্চ্চনা করিবে। তারপরে তারাদেবীর পূজাপদ্ধতিক্রমে শঙ্খস্থাপন অর্থাৎ বিশেষার্ঘ্য স্থাপন করিবে। ১৮-১৯

অনন্তর পীঠপূজা করিবে। পীঠপূজা প্রণালী উপরে মূলে স্পষ্টরূপে উল্লিখিত আছে। মূলের লিখিত প্রণালীক্রমে করিবে। ভৈরবমতে পীঠপূজা

ভৈরবমতে তু—আধারশক্তিং কূর্ম্মস্তু নাগরাজমতঃ পরম্।

পদ্মনালঞ্চ পদ্মঞ্চ পূজয়েন্মন্ত্রবিন্নরঃ।

মণ্ডলং চতুরস্রঞ্চ রজঃ সত্ত্বং তমস্তথা।

রতিকামৌ চ সংপূজ্য শক্তিপূজাং সমাচরেৎ। ইতি।

রতিকামোপরি বজ্রবৈরোচনীয়ে দেহি দেহি এহি এহি গৃহ্ন গৃহ্ন (স্বাহা)[১] মম সিদ্ধিং দেহি দেহি মম শত্রূন্ মারয় মারয় করালিকে হুঁ ফট্ স্বাহা ইতি পীঠমন্ত্রঃ। সর্ব্বত্র প্রণবাদিনমোঽন্তেন পূজয়েৎ। ততঃ পুনর্ধ্যাত্বা আবাহয়েৎ ॥ ২১

যথা—সর্ব্বসিদ্ধিবর্ণিনীয়ে সর্ব্বসিদ্ধিডাকিনীয়ে বজ্রবৈরোচনীয়ে ইহাবহ ইহাবহ পুনস্তন্মন্ত্রমুচ্চার্য্য ইহ তিষ্ঠ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব ইত্যনেনাবাহ্য আং হ্রীঁ ক্রোং হংসঃ ইত্যনেন প্রাণপ্রতিষ্ঠাং কৃত্বা ওঁ আং খড়্গায় হৃদয়ায় স্বাহা ইত্যাদিনা ষড়ঙ্গং বিনস্য যথাশক্তি পূজাং কৃত্বা বলিং দদ্যাৎ। যথা—

বজ্রবৈরোচনীয়ে দেহি দেহি এহি এহি গৃহ্ন গৃহ্ন ইমং বলিং মম সিদ্ধিং দেহি দেহি মম শত্রূন্ মারয় মারয় করালিকে হুঁ ফট্ স্বাহা ইতি মন্ত্রেণ ॥ ২২

---

কিন্তু অন্যরূপ। মন্ত্রবিৎ সাধক প্রথমে আধারশক্তি, কূর্ম, নাগরাজ, পদ্মনাল, পদ্মকে পূজা করিবে। অনন্তর চতুরস্র মণ্ডল, রজঃ, সত্ত্ব ও তমঃ এবং রতি ও কামকে পূজা করিয়া পরে শক্তির পূজা করিবে। তৎপরে মূলোক্ত পীঠমন্ত্রে পীঠ পূজা করিবে। সর্বত্র প্রথমে প্রণব ও শেষে নমঃ দিয়া পূজা করিবে। তাহার পর পুনর্ব্বার ধ্যান ও আবাহন করিবে। ২০-২১

আবাহনী প্রভৃতি মুদ্রা দ্বারা আবাহন করিবে। যথা—মূলোক্ত মন্ত্রে আবাহনাদি করিয়া আঁ। হ্রীঁ ক্রোঁ হংস ইত্যাদি মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা করিবে। অনন্তর ওঁ আং খড়্গায় হৃদয়ায় স্বাহা, ওঁ ঈং সুখড়্গায় শিরসে স্বাহা, ওঁ উং সুবজ্রায় শিখায়ৈ স্বাহা, ওঁ ঐঁ পাশায় কবচায় স্বাহা, ওঁ ঔঁ ক্রোঁ অঙ্কুশায় নেত্রত্রয়ায় স্বাহা, ওঁ অঃ সুরক্ষাসুরক্ষায়াস্ত্রায় ফট্—এইরূপে ষড়ঙ্গপূজা করিয়া যথাশক্তি উপচারে পূজা সমাপনান্তে উপরে মূলে লিখিত বলিদানের মন্ত্রে বলি প্রদান ও নিবেদন করিতে হইবে। ২২

---

১। বন্ধনী পাঠঃ কচিৎ পুস্তকে নাস্তি।

ততো দেব্যা দক্ষিণে—ওঁ বর্ণিন্যৈ নমঃ, বামে—ওঁ ডাকিন্যৈ নমঃ। ততো দেব্যঙ্গে ষড়ঙ্গং সংপূজ্য, দক্ষিণে—ওঁ শঙ্খনিধয়ে নমঃ, বামে—ওঁ পদ্মনিধয়ে নমঃ। পূর্বাদি-দিক্ষু—লক্ষ্মীং লজ্জাং মায়াং বাণীঞ্চ পূজয়েৎ। বিদিক্ষু—ব্রহ্ম-বিষ্ণু-রুদ্রেশ্বরান্, মধ্যে—সদাশিবম্। সর্ব্বত্র প্রণবাদি-নমোঽন্তেন পূজয়েৎ। ততঃ পঞ্চ পুষ্পাঞ্জলীন্ দত্ত্বা আবরণানি পূজয়েৎ। অগ্নীশাসুর-বায়ুষু মধ্যে দিক্ষু চ—ওঁ আং খড়্গায় হৃদয়ায় স্বাহা ইত্যাদিনা ষড়ঙ্গানি সংপূজ্য, অষ্টপত্রেষু পূর্ব্বাদিক্রমেণ ওঁ হ্রীঁ কাল্যৈ নমঃ, এবং বর্ণিন্যৈ, ডাকিন্যৈ, ভৈরব্যৈ, মহাভৈরব্যৈ, ইন্দ্রাক্ষ্যৈ, পিঙ্গাক্ষ্যৈ, সংহারিণ্যৈ। সর্ব্বত্রৈব প্রণবাদি-নমোঽন্তেন পূজয়েৎ। যথা—

একাং নানাভিধাং কালীং বর্ণিনীং ডাকিনীং তথা।
ভৈরবীঞ্চ মহাপূর্ব্বাং ভৈরবীং তদনন্তরম্।
ইন্দ্রাক্ষীঞ্চ সপিঙ্গাক্ষীং ততঃ সংহার-কারিণীম্।
পূর্ব্বাদিকে দলে পূজ্যাঃ শক্তয়শ্চ যথাক্রমম্।
প্রণবাদিনমোঽন্তেন লজ্জাবীজং সমুচ্চরন্।

---

তৎপর দেবীর দক্ষিণে—ওঁ বর্ণিন্যৈ নমঃ, বামে—ওঁ ডাকিন্যৈ নমঃ, মন্ত্রে ডাকিনীদ্বয়ের পূজা করিবে। অনন্তর দেবীর অঙ্গে ষড়ঙ্গের পূজা করিয়া দক্ষিণে শঙ্খনিধি ও বামে পদ্মনিধির পূজা করিবে। অনন্তর পদ্মের অষ্টদলে পূর্ব্বাদি দিকে যথাক্রমে ওঁ লক্ষ্মৈ নমঃ ইত্যাদিরূপে মূলের লিখিত লক্ষ্যাদি দেবতাগণের পূজা করিবে। তাহার পর বিদিক্ (কোণ সমূহে) যথাক্রমে ব্রহ্ম, বিষ্ণু, রুদ্র ও ঈশ্বরকে ও মধ্যে সদাশিবকে পূজা করিবে। সর্বত্র প্রথমে প্রণব ও শেষে নমঃ মন্ত্র দ্বারা পূজা করিবে। অতঃপর পঞ্চ-পুষ্পাঞ্জলি প্রদান করিয়া মূলের লিখিত মন্ত্রে ও প্রণালীতে আবরণ দেবতার পূজা করিবে। তৎপরে অগ্নি, ঈশান, নৈর্ঋত ও বায়ুকোণে এবং দিক্‌চতুষ্টয়ে ও মধ্যে ওঁ আং খড়্গায় হৃদয়ায় স্বাহা ইত্যাদি মন্ত্রে পুনর্ব্বার ষড়ঙ্গের পূজা করিয়া অষ্টপত্রে পূর্ব্বাদিক্রমে ওঁ হ্রীঁ কাল্যৈ নমঃ ইত্যাদি মূলোক্ত প্রকারে পূজা করিবে। সর্বত্র প্রথমে প্রণব ও শেষে নমঃ দিয়া পূজা করিবে।

উক্ত পূজার প্রমাণ মূলে "একাং নানাভিধাং..." ইত্যাদি বচনে প্রদর্শিত

পদ্মমধ্যে—হুঁ হুঁ ফট্ * নমঃ। স্বাহায়ৈ নমঃ। দেব্যা দক্ষিণে—সম্রাট্-ছন্দসে নমঃ। দেব্যা উত্তরে—সর্ব্ববর্ণেভ্যো নমঃ। পুনর্দক্ষিণে—বীজশক্তিভ্যাং নমঃ। পত্রাগ্রেষু পূর্ব্বাদিক্রমেণ—ব্রাহ্ম্যৈ, মাহেশ্বর্য্যৈ, কৌমার্য্যৈ, বৈষ্ণব্যৈ, বারাহ্যৈ, ইন্দ্রাণ্যৈ, চামুণ্ডায়ৈ, মহালক্ষ্ম্যৈ। সর্ব্বত্র প্রণবাদি-নমোঽন্তেন পূজয়েৎ।

ততশ্চতুর্দ্দিক্ষু দ্বারেষু ওঁ † করালায় নমঃ, ওঁ বিকরালায় এবং অতিকরালায়, মহাকরালায়। যথা ভৈরবীয়ে।—

পূর্ব্বদ্বারে করালঞ্চ বিকরালঞ্চ দক্ষিণে।
পশ্চিমেঽতিকরালঞ্চ মহাকরালমুত্তরে॥ ২৩

ততো ধূপাদিবিসর্জ্জনান্তং কর্ম্ম সমাপয়েৎ। বিসর্জ্জনে ত্বয়ং বিশেষঃ।—সংহারমুদ্রাং প্রদর্শ্য অঞ্জলাবারোপ্য বামনাসাপুটেন,—

যোনিমুদ্রাসমারূঢ়াং প্রদীপকলিকোজ্জ্বলাম্।
কৃষ্ণপক্ষে বিধুমিব ক্রমেণ ক্ষীণতাং গতাম্॥
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য চণ্ডরশ্মৌ নিবেশয়েৎ।

মন্ত্রস্তু।—উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতবাসিনী।
ব্রহ্মযোনিসমুৎপন্নে গচ্ছ দেবি মমান্তরম্॥ ২৪

---

হইয়াছে। তৎপরে পদ্মমধ্যে, দেবীর দক্ষিণে, দেবীর উত্তরে, পুনরায় দক্ষিণে ও পত্রাগ্রগুলিতে পূর্বাদিক্রমে মূলোক্ত প্রকারে আবরণ দেবতাসমূহের পূজা করিবে। সর্বত্র প্রথমে প্রণব ও শেষে নমঃ দিয়া পূজা করিবে। তাহার পর চারিদিকে চারি দ্বারে—করাল, বিকরাল, অতিকরাল ও মহাকরালকে পূজা করিবে। ভৈরবীয় তন্ত্রে ইহা বলিয়াছেন যে—"পূর্বদ্বারে করাল", দক্ষিণে বিকরাল, পশ্চিমে অতিকরাল ও উত্তরে মহাকরালকে পূজা করিবে। ২৩

তাহার পর ধূপাদি বিসর্জন পর্য্যন্ত সমস্ত কর্ম্ম সমাপনপূর্ব্বক দেবীর বিসর্জন করিবে। এই দেবতার বিসর্জনে বিশেষ (প্রভেদ বা প্রকারান্তর) আছে। প্রথমে সংহারমুদ্রা প্রদর্শন করিয়া স্বীয় অঞ্জলিতে দেবীকে আরোপণ (স্থাপন) পূর্ব্বক বামনাসাপুটের দ্বারা যোনিমুদ্রাসমারূঢ়া, প্রদীপকলিকার ন্যায় সমুজ্জ্বলা এবং কৃষ্ণপক্ষীয় চন্দ্রের মত ক্রমে-ক্রমে ক্ষয়শীলা দেবীকে মূলোক্ত বিসর্জন মন্ত্র পাঠ করিতে করিতে নাড়িদেশস্থ সূর্য্যমণ্ডলের রশ্মিতে প্রবেশ

---

* পদ্মমধ্যে হুঁ ফট্ নমঃ ইতি তন্ত্রসার-পাঠঃ। † ওঁ ইত্যত্র হুঁ ইতি কচিৎ পাঠঃ।

অস্য পুরশ্চরণং লক্ষজপঃ, সিদ্ধবিদ্যাত্বাৎ ॥ ২৫ বলিদানে তু ভৈরবীয়ে।—

রাত্রৌ বলিঃ প্রদাতব্যো মৎস্য-মাংস-সুরাদিভিঃ।
অথবা মধুপানাদ্যৈর্মধুরৈর্বিভব-ক্রমৈঃ ॥ ২৬

মন্ত্রস্তু।—উচ্চরেৎ প্রণবং পূর্ব্বং সর্ব্বসিদ্ধিপ্রদেঽন্বিতম্।
বর্ণিনীয়ে ততো বাচ্যং সর্ব্বসিদ্ধিপ্রদে ততঃ।
ডাকিনীয়ে ততো বাচ্যং দেবীনাম ততঃ পরম্।
এহ্যেহীতি ততো বাচ্যমিমং বলিমনন্তরম্।
গৃহ্ণ গৃহ্ণ ততঃ প্রোক্ত্বা মম সিদ্ধিমনন্তরম্।
দেহি দেহীতি মায়ে চ ততঃ ফট্ স্বাহয়া যুতঃ।
বলিমন্ত্রঃ সমাখ্যাতঃ পূজিতেয়ং সুরেশ্বরীতি ॥ ২৭

মন্ত্রান্তরম্।—ভুবনেশী কামবীজং কূর্চ্চবীজঞ্চ বাগ্ভবম্।
ভুবনেশী কূর্চ্চবীজং বাগ্ভবং তদনন্তরম্।

---

করাইবে। বিসর্জন মন্ত্র যথা,—উত্তরে শিখরে দেবি···ইত্যাদি। এই মন্ত্রে দেবীর বিসর্জন করিতে হইবে। ২৪

ছিন্নমস্তা সিদ্ধবিদ্যা ; এই হেতু এই মন্ত্রের লক্ষজপে পুরশ্চরণ হয়। ২৫

এই দেবতার বলিদানে বিশেষ আছে। ভৈরবীতন্ত্রে উক্ত হইয়াছে। যথা,—রাত্রিকালে মৎস্য, মাংস ও সুরাদি দ্বারা অথবা সাধক স্বীয় বিভব ( সামর্থ্য ) অনুসারে মধু পানাদি দ্বারা বলি প্রদান করিবে। ২৬

তন্ত্রে বলি মন্ত্র উদ্ধারের প্রকার এইরূপ উক্ত হইয়াছে :—প্রথমে প্রণব (ওঁ) উচ্চারণ করিবে। পরে "সর্বসিদ্ধি-প্রদে বর্ণিনীয়ে" ও "সর্বসিদ্ধি-প্রদে ডাকিনীয়ে" বলিবে। তাহার পর দেবীর নাম অর্থাৎ "ছিন্নমস্তে" ও 'এহ্যেহি' বলিবে। পরে "ইমং বলিং" ও পরে "গৃহ্ণ গৃহ্ণ" বলিয়া অনন্তর "মম সিদ্ধিং" বলিয়া পরে "দেহি দেহি" বলিয়া দুইটী মায়া (হ্রীং হ্রীং) ও স্বাহাযুক্ত ফট্ অর্থাৎ ফট্ স্বাহা বলিবে। হে সুরেশ্বরি! ইহা প্রশংসিত বলি মন্ত্র বলিয়া কথিত হইয়াছে। এই সুরেশ্বরী বলি দ্বারা পূজিতা। বলিমন্ত্রটী হইবে :—

"ওঁ সর্ব্বসিদ্ধিপ্রদে বর্ণিনীয়ে সর্ব্বসিদ্ধি-প্রদে ডাকিনীয়ে ছিন্নমস্তে এহ্যেহি ইমং বলিং গৃহ্ণ গৃহ্ণ মম সিদ্ধিং দেহি দেহি হ্রীঁ হ্রীঁ ফট্ স্বাহা"। এই মন্ত্রে বলি নিবেদন-করিবে। ২৭

ছিন্নমস্তা দেবীর অপর মন্ত্র বলা হইতেছে।• প্রথমে ভুবনেশীবীজ (হ্রীং),

বজ্রবৈরোচনীয়ে চ হুং ফট্ স্বাহা ততঃ পরম্ ॥ ২৮

অস্য পূজাপ্রয়োগঃ।—ধ্যানপূজাদিকং ষোড়শীবৎ কার্য্যম্ ॥ ২৯

হৃল্লেখা মাদনং লক্ষ্মীং[১] বাগ্‌ভবং কূর্চ্চমেব চ।
অস্ত্রান্তা[২] ছিন্নমস্তা যা মহাবিদ্যা প্রকীর্ত্তিতা।
অস্যাস্তু সদৃশী বিদ্যা জগৎস্বপি ন বিদ্যতে।
ষড়্‌বর্ণোঽয়ং মন্ত্রঃ সাক্ষান্মোক্ষদো নাত্র সংশয়ঃ ॥ ৩০
অস্যা ধ্যানমহং বক্ষ্যে শৃণুষ্ব কমলাননে!।
প্রত্যালীঢ়পদাং সদৈব দধতীং ছিন্নং শিরঃ কর্ত্তৃকাং,
দিগ্বস্ত্রাং স্বকবন্ধ-শোণিতসুধা-ধারাং পিবন্তীং মুদা।
নাগাবদ্ধ-শিরোমণিং ত্রিনয়নাং হৃদ্যুৎপলালঙ্কৃতাং,
রত্যাসক্ত-মনোভবোপরি দৃঢ়াং[৩] ধ্যায়েজ্জবাসন্নিভাম্।

---

কামবীজ (ক্লীং), কূর্চ্চবীজ (হুং), বাগ্‌ভববীজ (ঐং), মায়াবীজ (হ্রীং), কূর্চ্চবীজ, বাগ্‌ভববীজ, তাহার পরে 'বজ্রবৈরোচনীয়ে' তাহার পর 'হুং ফট্ স্বাহা'। এই হইলে মন্ত্রটী হইবে :—হ্রীং ক্লীং হুং ঐং হ্রীং হুং ঐং বজ্রবৈরোচনীয়ে হুং ফট্ স্বাহা। ২৮

ষোড়শীদেবীর পূজাপদ্ধতির নিয়মানুসারে ইহার ধ্যান ও পূজাদি কার্য্য করিবে। ২৯

হৃল্লেখা—মায়াবীজ, মাদন—কামবীজ, শ্রীবীজ, বাগ্‌ভববীজ, কূর্চ্চবীজ ও ফট্ অন্ত এই মহাবিদ্যাটী (মন্ত্রটী) ছিন্নমস্তা বলিয়া কথিত হইয়াছেন। ইহাতে মন্ত্রটী হইল—হ্রীং ক্লীং শ্রীং ঐং হুং ফট্। এই মন্ত্রের তুল্য অন্য মন্ত্র জগতে আর নাই। এই ষড়ক্ষর মন্ত্র সাক্ষাৎ মুক্তিপ্রদ, ইহাতে সংশয় নাই। ৩০

হে কমলাননে। এই মন্ত্রোক্ত পূজার ধ্যান বলিতেছি, শ্রবণ কর। যথা,—প্রত্যালীঢ়পদা অর্থাৎ দক্ষিণ পাদ অগ্রে এবং বামপাদ পশ্চাদ্ভাগে রাখিয়া দণ্ডায়মানা; ছিন্নশিরঃ ও খড়্গ-ধারিণী, বিবসনা এবং ছিন্ন গলদেশ হইতে নির্গত শোণিতধারা আনন্দে পান-কারিণী; সর্পদ্বারা আবদ্ধ শিরোমণি-ধারিণী, ত্রিনয়না এবং বক্ষঃস্থলে উৎপলমালায় অলঙ্কৃতা, রতিতে আসক্ত মদনের উপরি দণ্ডায়মানা, জবাপুষ্পের ন্যায় রক্তবর্ণা

---

১। হৃল্লেখা মাদনং কূর্চ্চং ইতি চ গ্রন্থান্তরে পাঠঃ।

২। তেন—হ্রীং ক্লীং শ্রীং ঐং হুং ফট্।     ৩। দৃঢ়াসনহিতাম্ (খ চি)।

দক্ষে চাতিসিতা বিমুক্তচিকুরা কর্ত্রীং তথা খর্পরং,
হস্তাভ্যাং দধতী রজোগুণভবা নাম্নাপি সা বর্ণিনী।
দেব্যাশ্ছিন্ন-কবন্ধতঃ পতদসৃগ্‌ধারাং পিবন্তী মুদা,
নাগাবদ্ধ-শিরোমণির্মনুবিদা ধ্যেয়া সদা সা সুরৈঃ।
বামে কৃষ্ণতনুস্তথৈব দধতীং খড়্গং তথা খর্পরং,
প্রত্যালীঢ়পদা কবন্ধবিগলদ্রক্তং পিবন্তী মুদা।
সৈষা যা প্রলয়ে সমস্তভুবনং ভোক্তুং ক্ষমা তামসী,
শক্তিঃ সাপি পরাৎপরা ভগবতী নাম্না পরা ডাকিনী।

ইতি ধ্যানম্। অস্যাঃ পূজাদিকং সর্ব্বং ষোড়শীবৎ[1] কার্য্যম্ ॥ ৩১

মন্ত্রান্তরম্।—তারং লজ্জাদ্বয়ং বজ্রবৈরোচনীয়ে হুঁ ফট্ স্বাহা[2]।
অস্যাপি ধ্যানপূজাদিকং সর্ব্বং ষোড়শীবৎ কার্য্যম্ ॥ ৩২

বিয়ৎ সূত্রযুতং বিন্দু-নাদযুক্তং[3] ততঃ প্রিয়ে।
একাক্ষরী মহাবিদ্যা ত্রৈলোক্য-বশকারিণী ॥ সূত্রং দীর্ঘ-উকারঃ।

---

দেবীকে ধ্যান করিবে। ইহার দক্ষিণভাগে অতি শ্বেতবর্ণা বর্ণিনী নামে এক নায়িকা আলুলায়িতকেশা হইয়া, দুই হস্তে কর্ত্তৃকা ও খর্পর ধারণপূর্ব্বক দেবীর ছিন্ন গলদেশ হইতে বিগলিত রক্তধারা আনন্দে পান করিতেছেন, ইঁহারও মস্তকে নাগাবদ্ধ মণি আছে। বামভাগে খড়্গ-খর্পর-ধারিণী কৃষ্ণবর্ণা ডাকিনী নামে অন্যা এক নায়িকা রহিয়াছেন; ইনিও দেবীর ছিন্ন গলদেশ হইতে বিনির্গত রুধিরধারা পান করিতেছেন, ইঁহার দক্ষিণপাদ অগ্রে ও বামপাদ পশ্চাদ্ভাগে অবস্থিত; ইনি প্রলয়কালে সমস্ত জগৎ ভক্ষণ করিতে সমর্থ, ইনিও পরাৎপরা ভগবতী-শক্তি। এই প্রকারে দেবীর ধ্যান করিয়া ষোড়শাক্ষর প্রকরণোক্ত পূজা-পদ্ধতি অনুসারে পূজা করিতে হইবে। ৩১

ছিন্নমস্তাদেবীর অন্য প্রকার মন্ত্র যথা—প্রণব, দুইটী মায়াবীজ অর্থাৎ ওঁ হ্রীং হ্রীং বজ্রবৈরোচনীয়ে হুং ফট্ স্বাহা। এই মন্ত্রের ধ্যানপূজাদি সমস্তই ষোড়শাক্ষর পদ্ধতি অনুসারে করিবে। ৩২

হে প্রিয়ে, বিয়ৎ হ-কারে সূত্র দীর্ঘ-উকার এবং তাহাতে নাদ বিন্দুযোগ করিলে আর একটি একাক্ষর হুং মন্ত্র হয়, এই মন্ত্রে ত্রৈলোক্য বশ করা যায়।

---

১। ষোড়শাক্ষরীবৎ (খ) পাঠঃ। ২। ওঁ হ্রীং হ্রীং বজ্রবৈরোচনীয়ে হুং ফট্ স্বাহা (খ টি)। ৩। তেন—হুং।

ঠঠান্তৈষা[১] মহাবিদ্যা ত্রৈলোক্যমোহকারিণী।
তারাদ্যান্তা[২] ভবত্যেষা চতুর্বর্গফলপ্রদা ॥ ৩৩
বজ্রবৈরোচনীয়ে চ কূর্চ্চযুগ্মং সফট্ ঠঠঃ।
তারাদ্যৈষা[৩] মহাবিদ্যা সর্ব্বতেজোঽপহারিণী।
ত্রৈলোক্যাকর্ষিণী বিদ্যা চতুর্বর্গফলপ্রদা।
ধ্যানপূজাদিকং সর্ব্বং ষোড়শীবৎ সমাচরেৎ ॥ ৩৪

ইদানীং ষোড়শীবিদ্যাপ্রশংসামাহ।—

তথা সর্ব্বপ্রযত্নেন সর্ব্বোপাস্যা চ ষোড়শী।
লক্ষ্মীবীজাদিকা সৈব সর্ব্বৈশ্বর্য্যপ্রদায়িনী[৪] ॥ ৩৫
লজ্জাদ্যা[৫] স্বর্গ-ভূ-নাগ[৬]-যোষিদাকর্ষিণী পরা।
কূর্চ্চাদ্যা সর্ব্বজন্তূনাং[৭] মহাপাতকনাশিনী ॥ ৩৬

---

উক্ত একাক্ষর মন্ত্রের অন্তে স্বাহা যোগ করিলে ঐ মন্ত্রে ত্রৈলোক্য মোহিত করা যায়। ঐ স্বাহান্ত মন্ত্রের আদ্যন্তে প্রণবযোগ করিলে ঐ মন্ত্রে চতুর্ব্বর্গ ফল লাভ হয়। ৩৩

বজ্রবৈরেচেনীয়ে, দুই কূর্চ্চবীজ, 'ফট্ স্বাহা' এই সকলের আদিতে প্রণব, এইটি আর একটি মহাবিদ্যা (মন্ত্র)। এই মন্ত্রে সকলের তেজঃ অপহরণ করা যায়। এই মন্ত্র দ্বারা দেবীর আরাধনা করিলে ত্রিভুবনকে আকৃষ্ট করা যায় এবং চতুর্ব্বর্গ ফললাভ হইয়া থাকে। এই সকল মন্ত্রের ধ্যান-পূজাদি ষোড়শাক্ষর প্রকরণোক্ত নিয়মে করিবে। ৩৪

এক্ষণে ষোড়শীবিদ্যার প্রশংসা বলিতেছেন।—সকল ব্যক্তিরই অতি-যত্নপূর্ব্বক ষোড়শীদেবীর আরাধনা করা উচিত। এই মন্ত্রের আদিতে শ্রীবীজ প্রভৃতি থাকিলে এই মন্ত্রে সর্ব্ব প্রকার ঐশ্বর্য্য লাভ হয়। ৩৫

এই মন্ত্রের আদিতে মায়াবীজ থাকিলে ইহাদ্বারা স্বর্গ, মর্ত্ত্য, নাগলোক ও স্ত্রীগণকে আকর্ষণ করা যায়। আদিতে কূর্চ্চবীজ থাকিলে এই মন্ত্রে মহাপাতক নাশ হয়। ৩৬

---

১। হুং স্বাহা। ২। ওঁ হুং স্বাহা ওঁ। ৩। ওঁ বজ্রবৈরোচনীয়ে হুং হুং ফট্ স্বাহা। ৪। শ্রীং হ্রীং হুং ঐং বজ্রবৈরোচনীয়ে হুং হুং ফট্ স্বাহা। ৫। হ্রীং শ্রীং হুং ঐং বজ্রবৈরোচনীয়ে হুং হুং ফট্ স্বাহা। ৬। নাগ ইত্যত্র লোক ইতি (খ) পাঠঃ। ৭। হুং শ্রীং হ্রীং ঐং বজ্রবৈরোচনীয়ে হুং হুং ফট্ স্বাহা।

বাগ্‌ভবাদ্যা যদা দেবী বাগীশত্বপ্রদায়িনী।
এষা তু ষোড়শীবিদ্যা বেদ্যা সপ্তদশাক্ষরী[১] ॥ ৩৭
